গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- ৩৭.২৪.০৪.০০০০.১১৩.১২৭.২৩-১৭৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ ব.
৩১ মে ২০২৩ খ্রি.

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী ৩০ মে ২০২২ খ্রি. তারিখ স্কিম পরিচালক, এইচএসপি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নেতৃত্বে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি দল মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। ট্রাস্ট কর্তৃক উক্ত পরিদর্শন প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিদর্শন প্রতিবেদন ০২ (দুই প্রস্থ)।

৩১.৫.২০২৩

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ইমেইল: md@pmeat.gov.bd

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ: আ: সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা)]

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (অ: দা:), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. সংরক্ষণ কপি।

**দপ্তর: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।**

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS কার্যক্রম সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী ৩০ মে ২০২২ খ্রি. তারিখ স্কিম পরিচালক, এইচএসপি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নেতৃত্বে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি দল মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মনোয়ারা ইশরাত, অতিরিক্ত পরিচালক (উপসচিব) জনাব সালেহা বিনতে সিরাজ, সহকারী পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি) জনাব রুবিনা গনিসহ কয়েকজন কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। উপস্থাপিত প্রেজেন্টেশন থেকে ট্রাস্ট টিম বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য সর্ম্পকে অবগত হয়, যা ট্রাস্টের MIS সিস্টেমের সাথে সম্পর্কযুক্ত।

২. ৩০ মে ২০২২ খ্রি. তারিখ স্কিম পরিচালক, এইচএসপি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি দল মহিলা বিষয়ক অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের স্থিরচিত্র ২টি:





৩. পরিদর্শনকালে জানা যায়, মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে ১২ লক্ষ ৪ হাজার উপকারভোগী মায়েদের মাঝে মাসিক ৮০০ (আটশত) টাকা হারে ভাতা প্রদান করা হয়েছে। এ ভাতাসমূহ গর্ভবতী মায়ের ৪ মাস থেকে কার্যকর হয়ে ৩৬ মাস অর্থাৎ ৩ বছর পর্যন্ত বহাল থাকবে। এ কর্মসূচিব আওতায় প্রতিমাসের ১ থেকে ২০ তারিখের মধ্যে গর্ভবতী মায়েরা ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার/পৌরসভা/সিটি কর্পোরেশনের কার্যালয়ে গিয়ে ৪০ টাকার প্রদান সাপেক্ষে অথবা তথ্য আপার কাছ থেকে বিনা অর্থে আবেদন করতে পারে। আবেদনের সময় গর্ভবতী মাকে তার জন্মনিবন্ধন সনদ, এনআইডি সনদের কপি ও গর্ভবর্তী হওয়ার ডাক্তারী সনদ আপলোড করতে হয়। আবেদনসমূহ ইউনিয়ন থেকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাছে নির্ধারিত সর্ভারে গেলে একই মাসের ২১ থেকে ২৫ তারিখের মধ্যে সভা করে উপর্যুক্ত গর্ভবতী মায়েদের মাসিক ভাতা প্রদান করার জন্য নির্বাচন করা হয়। পরবর্তীতে নির্বাচিতদের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের কেন্দ্রীয় সার্ভার থেকে সমন্বয় করে মায়েদের মাসিক ভাতা পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মোবাইল ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়। একজন মাকে এ ভাতা চলমান রাখতে নিয়মিত উঠান বৈঠকে সে সহ তার স্বামী/শ্বাশুরীকে উপস্থিত থাকতে হয়। পরিদর্শনকালে তারা জানান যে ২০২৩-২৪ অর্থবছরে ১৫ লক্ষ উপকারভোগী মায়েদের মাঝে মাসিক এ ভাতা প্রদান করা হবে। এ কর্মসূচি বাস্তবায়নে কারিগরি সহযোগিতার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে Food Programme (WFP) এর MOU করা আছে।

৪. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে (এনএসএসএস) জীবনচক্র ভিত্তিক কাঠামোর (Life Cycle Framawork) আওতায় মাতৃগর্ভ অর্থাৎ ০ থেকে ৪ বছর বয়স পর্যন্ত শিশুর পুষ্টির চাহিদা, মনো-সামাজিক এবং বৃদ্ধিবৃত্তিক বিকাশের উপর গুরুত্ব দিয়ে এ কর্মসূচির রুপরেখা প্রণয়ন করা হয়েছে বিধায় স্বল্পমেয়াদে বিদ্যমান অপুষ্টি বিশেষত: কম ওজনের শিশু, খর্বকায় এবং কৃশকায় শিশুর সংখ্যা কমিয়ে আনতে অবদান রাখছে। এ কর্মসূচিটির মধ্য দিয়ে রুপকল্প ২০৪১ এ বর্ণিত একটি সমৃদ্ধ ও উন্নত দেশের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছানোর জন্য আন্তর্জাতিক পরিমন্ডলে প্রতিযোগী সক্ষম ভবিষ্যৎ মানবসম্পদ তৈরিতে সরকারকে সহযোগিতা করছে মহিলা বিষয়ক অধিদপ্তর।

৩০/০৫/২০২৬

(অসীম কুমার পাল)
সহকারী প্রোগ্রামার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

R Jahan
৩০/০৫/২০২৬

(রেজওয়ানা আক্তার জাহান)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৩০/০৫/২৬

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৩০/০৫/২৬

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০২.১৮.৪২

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের অনুরুপ উদ্যোগ সরেজমিনে পরিদর্শন।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ এ আগামী ৩১ মে ২০২৩ এর মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বাধ্যবাধকতা রয়েছে।

২। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS পরিদর্শন করার মাধ্যমে এর সুবিধা এবং চ্যালেঞ্জসমূহ সম্পর্কে অবগত হয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক পরিচালিত উপবৃত্তি ও শিক্ষা সহায়তা কার্যক্রমকে আরও কার্যকর ও উপকারভোগীবান্ধব করার উদ্যোগ নেওয়া হবে। এ লক্ষ্যে ট্রাস্টের পরিচালক অথবা স্কিম পরিচালক (HSP) এর নেতৃত্বে একটি দল মহিলা বিষয়ক অধিদপ্তরের মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS পরিদর্শনে আগ্রহী।

৩। এমতাবস্থায়, উক্ত উদ্ভাবনী উদ্যোগ/কার্যক্রম ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের সরেজমিনে পরিদর্শনের বিষয়ে অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৫-০৫-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০২.১৮.৪২/১ (২)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
২। সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

২৫-০৫-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০৩.০০০০.১১৩.১২৭.২১-১৭২

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের অনুরূপ উদ্যোগ সরেজমিনে পরিদর্শন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান কর্মসূচির MIS এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির MIS সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে কমিটি গঠন করা হলো।

১। জনাব মোহাম্মদ আসাদুল হক, স্কিম পরিচালক (উপসচিব), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
২। জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৩। জনাব রেজওয়ানা আক্তার জাহান, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৪। জনাব অসীম কুমার পাল, সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

২৫.০৫.২০২৩

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. স্কিম পরিচালক (উপসচিব), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
২. উপসচিব (অ: দা:) বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৩. সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৪.সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৫. সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. অফিস কপি।